ইত্তেফাক

তারিখ ২/৬/৭৭
পৃষ্ঠা ... কলাম ...



# জাকাত বোর্ড গঠন করা হইবে

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বৃহস্পতিবার) জাতীয় সংসদের নৈশ অধিবেশনে সংসদ নেতা শাহ আজিজুর রহমান জানান, সরকার একটি 'জাকাত বোর্ড' গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। আগামী দুই তিন দিনের মধ্যেই এ সংক্রান্ত ঘোষণা দেওয়া হইবে। ধর্ম ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী এই বোর্ডের চেয়ারম্যান হইবেন।

কৃষক-শ্রমিক পার্টির জনাব এ এস এম সোলায়মানের সরকারী কর্তৃত্বাধীনে একটি 'জাকাত ফাণ্ড' প্রতিষ্ঠা সম্পর্কিত সিদ্ধান্ত প্রস্তাবের উপর আলোচনাকালে সংসদ নেতা এ তথ্য প্রকাশ করেন।

বাকী ৫টি সিদ্ধান্ত প্রস্তাব আগামী বেসরকারী দিবসে আলোচনা করার প্রেক্ষিতে রাত ১১টা ৪০ মিনিটে স্পীকার আজ (শুক্রবার) বিকাল ৪টা পর্যন্ত অধিবেশন মুলতবী ঘোষণা করেন।